

ন্যায়বিচারের প্রতি প্রকাশ্যে অবমাননা  
সৌদি আরবে যাদের মৃত্যুদণ্ড কার্যকর করা হচ্ছে তারা কারা?

অবিলম্বে মৃত্যুদণ্ড কার্যকর করা স্থগিত রাখার  
ঘোষণা দেয়ার জন্য এবং দেশটির আইনী ও  
বিচার-বিভাগীয় অনুশীলনকে আন্তর্জাতিক  
মানদণ্ডের সাথে সঙ্গতিপূর্ণ করার জন্য  
এ্যামনেস্টি ইন্টারন্যাশনাল সৌদি আরবের  
সরকারকে আহ্বান জানাচ্ছে।

তবে, যেহেতু এখনো মামলাটি চলছে,  
এটি এখনো এমন একটি আদালতে  
পুনর্বিচার করার জন্য পাঠানো হতে  
পারে যার মৃত্যুদণ্ড প্রদানের এখতিয়ার  
রয়েছে। সুলতান কোহাইল মৃত্যুদণ্ডে  
দণ্ডিত হওয়ার সত্যিকার খুঁকির মধ্যে  
রয়েছে।

#### এখন পরিবর্তনের সময়

সৌদি আরব মৃত্যুদণ্ডের ব্যাপক ব্যবহার  
অব্যাহত রেখেছে। এটি দেশটির কঠোর  
শাস্তির নীতিমালা; এর অনেকেংশে  
গোপনীয় এবং সংক্ষিপ্ত অপরাধ বিচার  
পদ্ধতি; সমাজের অসহায় দরিদ্র  
সদস্যদের উপর মৃত্যুদণ্ডের বৈষম্যমূলক  
ব্যবহার; এবং শাস্তির এই চরম রূপটি  
কিশোর অপরাধীদের বিরুদ্ধে  
ক্রমাগতভাবে ব্যবহারের ফল। এই  
সবগুলো অনুশীলনই মৃত্যুদণ্ড সম্পর্কিত  
আন্তর্জাতিক মানদণ্ড ও গতিধারাকে  
উপেক্ষা করে। আন্তর্জাতিক আইনের  
এইসব গুরুতর লঙ্ঘনের আলোকে,  
মৃত্যুদণ্ড কার্যকর করা স্থগিত রাখার  
ঘোষণা দেয়ার জন্য এবং দেশটির  
আইনী ও বিচার-বিভাগীয় অনুশীলনকে  
অবিলম্বে আন্তর্জাতিক মানদণ্ডের সাথে  
সঙ্গতিপূর্ণ করার জন্য এ্যামনেস্টি  
ইন্টারন্যাশনাল সৌদি আরবের  
সরকারের কাছে তার আহ্বানকে পুনর্ব্যক্ত  
করেছে।

Amnesty International,  
International Secretariat, Peter Benenson House  
1 Easton Street, London WC1X 0DW  
United Kingdom  
www.amnesty.org

Index: MDE 23/031/2008  
অক্টোবর ২০০৮

#### হাদি সাঈদ আল-মুতিফ

১৯৯৪ সালে, সৌদি আরবের একজন  
নাগরিক হাদি সাঈদ আল-মুতিফকে তার  
মন্তব্যের জন্য গ্রেপ্তার করা হয়, যে মন্তব্য  
ইসলাম ও শরীয়তের বিরুদ্ধে করা হয়েছে  
বলে মনে করা হয়। তাকে ১৯৯৭ সালে  
মৃত্যুদণ্ড দেয়া হয়। দশ বছর পর, ২০০৭  
সালের জানুয়ারিতে, এ্যামনেস্টি  
ইন্টারন্যাশনাল জানতে পারে যে কর্তৃপক্ষ  
তাকে সম্পূর্ণভাবে ক্ষমা করার বিষয়টি  
বিবেচনা করছে; পরবর্তী জুলাইয়ের  
মধ্যে, এই আশা ফিকে হয়ে আসে কারণ  
এটি স্পষ্ট হয়ে যায় যে তিনি তখনো  
মৃত্যুদণ্ডের অধীনে ছিলেন। আজ, তার  
গ্রেপ্তারের ১৪ বছর পর, এবং  
অস্পষ্টভাবে বিবৃত অপরাধের জন্য তাকে  
মৃত্যুদণ্ড দেয়ার ১১ বছর পর, হাদি সাঈদ  
আল-মুতিফ এখনো তার ভাগ্য সম্পর্কে  
অনিশ্চিত। এখন দক্ষিণ সৌদি আরবের  
নাজরান কেন্দ্রীয় কারাগারে আটক



© Private

অবস্থায় তিনি এখনো জানেন না যে তার  
মৃত্যুদণ্ড কার্যকর করা হবে নাকি হবে না।

হাদি সাঈদ আল-মুতিফকে ১৯৯৭ সালে  
মৃত্যুদণ্ডে দণ্ডিত করা হয়

#### সুপারিশসমূহ

এ্যামনেস্টি ইন্টারন্যাশনাল সৌদি আরবের সরকারকে  
নিম্নলিখিতগুলো করার জন্য আহ্বান জানাচ্ছে:

- ২০০৭ সালের ডিসেম্বরে জাতিসংঘ  
সাধারণ পরিষদের আহ্বান অনুযায়ী  
অবিলম্বে মৃত্যুদণ্ড কার্যকর করার উপর  
স্থগিতাদেশ আরোপ করা;
- শিশুদের অধিকারের সনদের  
অনুচ্ছেদ ৩৭(ক)-এর সাথে  
সঙ্গতিপূর্ণভাবে শিশুদের বিরুদ্ধে  
মৃত্যুদণ্ডের ব্যবহার অবিলম্বে বন্ধ করা;
- মৃত্যুদণ্ড প্রদানযোগ্য অপরাধের  
সংখ্যা ক্রমাগত কমিয়ে আনা এবং  
মৃত্যুদণ্ডের সকল আইন ও
- অনুশীলনগুলো জাতিসংঘের সুরক্ষার  
সাথে সঙ্গতিপূর্ণভাবে করা যাতে  
মৃত্যুদণ্ডের সম্মুখীন হওয়া সবার  
অধিকারের সুরক্ষার নিশ্চয়তা প্রদান  
করা যায় (জাতিসংঘ অর্থনৈতিক ও  
সামাজিক কাউন্সিলের প্রস্তাব  
১৯৮৪/৫০, তারিখ ২৫ মে  
১৯৮৪); এবং
- শাস্তি কমানোর লক্ষ্য নিয়ে বর্তমানে  
মৃত্যুদণ্ডের অধীনে থাকা সকল  
বন্দীদের মামলাগুলো পর্যালোচনা  
করা।

এ্যামনেস্টি ইন্টারন্যাশনাল ১৫০টিরও বেশি দেশ ও অঞ্চলে ২.২ মিলিয়ন মানুষের একটি বিশ্বব্যাপী  
আন্দোলন, যা মানবাধিকার সম্পর্কে প্রচারাভিযান চালায়।  
আমাদের লক্ষ্য হচ্ছে প্রত্যেক ব্যক্তি যাতে মানবাধিকারের সর্বজনীন ঘোষণায় এবং অন্যান্য  
আন্তর্জাতিক মানবাধিকারের সনদে সন্নিবেশিত তাদের সকল অধিকার ভোগ করতে পারেন। আমরা  
মানবাধিকারের অপব্যবহার বন্ধের জন্য গবেষণা ও প্রচারাভিযান পরিচালনা করি, পক্ষাবলম্বন করি  
এবং সমবেত হই। এ্যামনেস্টি ইন্টারন্যাশনালের সাথে কোনো সরকার, রাজনৈতিক মতাদর্শ, আর্থিক  
স্বার্থ বা ধর্মের কোনো সম্পৃক্ততা নেই।  
আমাদের কাজের জন্য অধিকাংশ অর্থ সংস্থান হয় আমাদের সদস্যদের চাঁদা ও দান থেকে।

AMNESTY  
INTERNATIONAL



